মেহেরপুরে সাংবাদিকদের সাথে নবাগত জেলা প্রশাসকের মতবিনিময় সভা

মেহেরপুরের নবাগত জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালামের সঙ্গে জেলার কর্মরত প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

প্রশাসনের উদ্যোগে আয়োজিত সভা আজ বুধবার দুপুর সাড়ে ৩টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন, জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম।

সভাপতির বক্তব্যে তিনি বলেন, মেহেরপুর যেমন আপনাদের, তেমন আমারও। শিক্ষা, চিকিৎসা, কৃষি এবং অনলাইন জুয়ার বিরুদ্ধে দ্রুত পদক্ষেপ নেওয়া হবে।

সাংবাদিকরা অনলাইন জুয়া, কৃষিক্ষেত্রে দুর্নীতি, শহরের ভেতর ট্রাক চলাচল, বাল্যবিবাহ, তথ্য প্রাপ্তিতে অসুবিধা, সরকারি হাসপাতাল ও সিভিল সার্জন অফিসের দুর্নীতি, ক্লিনিক ও ল্যাবের স্বেচ্ছাচারিতা, সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার মানের অবনতি এবং সার নিয়ে অনিয়মের বিষয়ে জেলা প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করেন।

তিনি আরো বলেন, তিনি বলেন, আমি জানি না কতদিন এখানে থাকব, কিন্তু আমি চাই মেহেরপুরের উন্নয়নে সবাই মিলে একসাথে কাজ করতে।

জেলা প্রশাসক জানান, শিক্ষার হার বাড়াতে আগামী তিন থেকে ছয় মাসের মধ্যে মেহেরপুরের শতভাগ মানুষকে অন্তত স্বাক্ষরজ্ঞান সম্পন্ন করার লক্ষ্য নেওয়া হয়েছে। সরকারি হাসপাতালের অনিয়ম রোধে পদক্ষেপ নেওয়া হবে, শহরে দিনের বেলায় ট্রাক চলাচল নিয়ন্ত্রণ করা হবে, কৃষিক্ষেত্রে সার অতিরিক্ত দামে বিক্রি বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে এবং ডিসি ইকোপার্ক, শিল্পকলা একাডেমি ও ক্রীড়া সংস্থার উন্নয়নে কার্যক্রম শুরু হবে।

সভায় আরো বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা প্রশাসক মো. তরিকুল ইসলাম, তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, জেলা তথ্য কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি

তোজাম্মেল আজম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, কালের কণ্ঠের জেলা প্রতিনিধি ও মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, সাধারণ সম্পাদক মাজেদুল হক মানিক,দৈনিক কাল বেলার জেলা প্রতিনিধি রাফি, চ্যানেল ২৪ এর জেলা প্রতিনিধি রাশেদুজ্জামান, সময় টিভির জেলা প্রতিনিধি বেন ইয়ামিন মুক্ত, এখন টিভির জেলা প্রতিনিধি মুজাহিদ, বিএসএস এস জেলা প্রতিনিধি দিলরুবা প্রমুখ।

সভায় জেলার বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

দর্শনা থানার আয়োজনে ওপেন হাউজ ডে মতবিনিময় সভা অনুষ্ঠিত

দর্শনা থানার আয়োজনে ওপেন হাউজ ডে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বেলা সাড়ে ১২টার দিকে দর্শনা শাহারিয়ার মুক্ত মঞ্চের সামনে এ ওপেন হাউজ ডে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এসময় দর্শনা থানা অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর জানান, মাদক, সন্ত্রাস ও জঙ্গীবাদ দমনে পুলিশকে তথ্য দিয়ে সহায়তা করার জন্য এলাকাবাসীর প্রতি আহ্বান জানান।

এসময় এলাকাবসীর পক্ষে সাজ্জাদ হোসেন বলেন, দর্শনা এলাকায় দ্রুতগামী মোটর-সাইকেল শব্দ করে চালানো, গভীর রাতে বিকট শব্দ করে সাউন্ড বক্স বাজানো বন্ধ করা, মাদক চোরাচালান বিষয়ে পুলিশ প্রতি নজর দেওয়ার দাবী করেন।

এছাড়া দর্শনা থানা অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর জনতার উদ্যেশে বলেন, আমাদের দর্শনা থানার পুলিশের দায়িত্ব পালনে কোনো ত্রুটি থাকলে আমার কাছে নিরদিধায় জানাবেন। আমরা সেগুলোকে আমলে নিয়ে আমাদের দায়িত্ব পালনে অবিচল থাকবো। ইতোপূর্বে দর্শনা থানাধীন হিজলগাড়ী ও গড়ায়টুপি এলাকায় সাধারণ মানুষের উপস্থিতিতে ওপেন হাউজ ডে মতবিনিময় সভা করেছি। এ ওপেন হাউজ ডে মতবিনিময় সভা অব্যহত থাকবে। দর্শনা থানার প্রতিটি এলাকায় এ মতবিনিময় সভা করে যাবেন

মেহেরপুরে স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক কমিটির পরিচিতি ও মতবিনিময় সভা

মেহেরপুরে জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক কমিটির পরিচিতি ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার দুপুর ২টার সময় মেহেরপুর জেলা বিএনপি’র কার্যালয়ে এই পরিচিতি ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমল হোসেন মিন্টুর সভাপতিত্বে ও সদস্য সচিব শহিদুল ইসলামের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব এডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, স্বেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক মাহফুজুর রহমান মাহফুজ, যুগ্ম আহ্বায়ক মোস্তাফিজুর রহমান সজীব, রাকিবুল ইসলাম সজল, ইলিয়াস হোসেনসহ আহ্বায়ক কমিটির সকল সদস্যরা উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে এডভোকেট কামরুল হাসান বলেন, “বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি রাষ্ট্র সংস্কারের যে ৩১ দফা কর্মসূচি দিয়েছে, তা বাস্তবায়নের লক্ষ্যে আমরা নিরলসভাবে কাজ করে যাচ্ছি। দেশনায়ক তারেক রহমানের নির্দেশে মেহেরপুর জেলা বিএনপিতে যে স্বচ্ছ ও কর্মক্ষম কমিটি গঠিত হয়েছে, তাতে তৃণমূল নেতাকর্মীরা অত্যন্ত সন্তুষ্ট।”

তিনি আরও জানান, জেলা বিএনপি’র আহ্বায়ক জাবেদ মাসুদ মিলটনসহ আহ্বায়ক কমিটির সকল সদস্যদের নিয়ে ইতিমধ্যে দল পুনর্গঠন এবং ওয়ার্ড পর্যায়ে কমিটি গঠনের কাজ চলমান রয়েছে। অচিরেই একটি

উৎসবমুখর পরিবেশে জেলা বিএনপি’র সম্মেলন আয়োজনের পরিকল্পনা রয়েছে।

সভায় উপস্থিত নেতারা স্বেচ্ছাসেবক দলের মূলনীতি “সেবা-ঐক্য-প্রগতি” কে সামনে রেখে দলের জন্য নিরলসভাবে কাজ করার আহ্বান জানান। বক্তারা বলেন, একজন নেতার দায়িত্ব শুধু নেতৃত্ব নয়, বরং সেবক হিসেবে দলের কার্যক্রম চালিয়ে যাওয়া ও জনগণের আস্থা অর্জন করাই মূল লক্ষ্য হওয়া উচিত।

মেহেরপুরে সহিংসতা নিরসন ও সম্প্রীতি শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত

মেহেরপুরে দি হাঙ্গার প্রজেক্টের এমআইপিএস প্রকল্পের আওতায় এফসিডিও’র সহযোগিতায় “সহিংসতা নিরসন ও সম্প্রীতি” শীর্ষক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বেলা ১২টার দিকে মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়ন পরিষদ হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ইমাম সমিতির সাধারণ সম্পাদক ও পিএফজির পিস অ্যাম্বাসেডর মাওলানা সিরাজ উদ্দিন।
সভাটি পরিচালনা করেন পিএফজির সমন্বয়কারী মুজাহিদ আল মুন্না।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক ও পিস অ্যাম্বাসেডর আজমল হোসেন মিন্টু, জেলা জাতীয়তাবাদী মহিলা দলের সভাপতি ও পিস অ্যাম্বাসেডর সাইয়েদাতুন্নেছা নয়ন, পিরোজপুর ইউনিয়ন পরিষদের সচিব এরশাদ আলী, ইউপি সদস্য ইস্কান্দার মাহমুদ ইকবাল, স্থানীয় রাজনৈতিক নেতা আব্দুল কুদ্দুস ও আনোয়ারুল মোল্লা প্রমুখ।

বক্তারা তাদের বক্তব্যে সহিংসতা পরিহার করে সংলাপ ও সম্প্রীতির

মাধ্যমে সমস্যা সমাধানের ওপর গুরুত্বারোপ করেন। তারা বলেন, যুব সমাজকে মানবতা ও ভালোবাসার চর্চায় উৎসাহিত করতে হবে। পাশাপাশি রাজনৈতিক সহনশীলতা ও ধর্মীয় মূল্যবোধ বজায় রাখার আহ্বান জানান বক্তারা।

সমাপনী বক্তব্যে মাওলানা সিরাজ উদ্দিন বলেন, “সহিংসতার মূল কারণ হলো দুনিয়ার প্রতি লোভ ও মোহ। সম্প্রীতির চর্চার মাধ্যমেই সমাজে শান্তি ফিরিয়ে আনা সম্ভব।”

মেহেরপুর সদর ও পৌর বিএনপির মতবিনিময় সভা

মেহেরপুরে সদর উপজেলা ও পৌর বিএনপির এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকাল ১১ টার দিকে মেহেরপুর কাথুলী সড়কের খান কমিউনিটি সেন্টারে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়

জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টনের সভাপতিত্বে অনুষ্ঠানে মতবিনিময় সভায় সঞ্চালনায় করেন সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান।

উপস্থিত ছিলেন জেলা যুগ্ম আহবায়ক ফয়েজ মোহাম্মদ, মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক কমিটি সদস্য আলমগীর খান সাতু, খায়রুল বাশার, হাফিজুর রহমান হাফি, রোমানা আহাম্মেদ, ওমর ফারুক লিটন, জেলা বিএনপির সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন,জেলা বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুর রহিম, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, পৌর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আলমগীর হোসেন।

মতবিনিময় সভায় অন্যদের মধ্যে জেলা বিএনপির সাবেক মহিলা বিষয়ক সম্পাদিকা নাজমিন নাহার রিনা জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাভলু, জেলা জাসাসের সদস্য সচিব বাঁকা বিল্লাহ,, জেলা যুবদলের

আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা,জেলা মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানা,জেলা জিয়া মঞ্চের আহ্বায়ক অ্যাডভোকেট নজরুল ইসলাম,জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ন আহবায়ক ফিরোজুর রহমান ফিরোজ, জেলা স্বেচ্ছাসেবক দলের ইলিয়াস হোসেন,বিএনপি নেতা মোশিউল আলম দ্বীপু,আব্দুল লতিফ, লিটন মাস্টারসহ বিএনপির নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জাতীয় নাগরিক কমিটির মতবিনিময় সভা

ফ্যাসিবাদি ব্যবস্থার বিলোপ ও নতুন রাজনৈতিক বন্দোবস্ত বায়নের লক্ষ, জাতীয় নাগরিক কমিটি “মেহেরপুর সদর রাইজিং”র উদ্যোগে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (২৫ ডিসেম্বর) বিকালে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনের এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এতে বক্তব্য রাখেন, জাতীয় নাগরিক কমিটির কেন্দ্রীয় সদস্য সুপ্রীম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট সাকিল আহমাদ, মেজবাহ কামাল এবং নাইম আহমাদ।

আমির হামজার সঞ্চালনায় ও মাহমাদুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বক্তব্য রাখেন, মুজাহিদুল ইসলাম, মেহেরপুর ছহিউদ্দীন ডিগ্রি কলেজের অধ্যক্ষ মহাসীন আলী, সাংবাদিক রফিক উল আলম, মানবাধিকার কর্মী দিলারা আক্তার প্রমুখ। এসময় বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতা আশিক রাব্বী, ইয়াসিন আহমেদ সিয়াম, শিশির আহমেদ. হাসনাত সৈকত, প্রকৌশলী সাজেদুর রহমানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভায় জাতীয় নাগরিক কমিটি (জানাক)’র কেন্দ্রীয় সংগঠকরা বলেছেন, ‘ফ্যাসিবাদী ব্যবস্থার বিলোপ ও নতুন রাজনৈতিক বন্দোবস্ত বাস্তবায়নের কার্যক্রমকে সম্প্রসারিত করার লক্ষ্যে

এবং জুলাই অভ্যুত্থানের স্পিরিটকে সমুন্নত রাখতে জাতীয় নাগরিক কমিটির সাংগঠনিক কাঠামো গঠন করা হয়েছে। আমাদের অসংখ্য ছাত্র ছাত্রী ভাই বোন বুকের তাজা রক্ত দিয়েছে আমাদের কথা বলার স্বাধীনতা নিশ্চিত করার জন্য। জুলাই বিপ্লবে অসংখ্য শহীদ ভাইদের বিচার নিশ্চিত, তাদের পরিবারকে পূনর্বাসন, আহতদের চিকিৎসাসেবা ও তাদের সহযোগীতা নিশ্চিত করতেই জাতীয় নাগরিক কমিটির পথ চলা শুরু হয়েছে।

জাতীয় নাগরিক কমিটি (জানাক)’র কেন্দ্রীয় সংগঠক অ্যাডভোকেট সাকিল আহমাদ বলেন, তারুণ্যের মধ্যে রয়েছে দেশ প্রেম, কর্মস্পৃহা, কাজের প্রতি প্রতিজ্ঞা। তাই বয়স্কদের পরামর্শে আজকের তারুণরা আগামীতে দেশ গঠণে কাজ করবে। তরুণদের কাজের মধ্য দিয়ে দূর্ণীতিমুক্ত, বৈষম্যহিন একটি সুন্দর, সম্প্রীতির এক সম্ভাবনার বাংলাদেশ গড়ে উঠবে।

তিনি বলেন, জুলাই বিপ্লব বার বার ফিরে না আসুক। এদেশ থেকে এক ফ্যাসিবাদকে উৎখাত করা হয়েছে। এদেশে ভবিষ্যতে আবারও কোনো ফ্যাসিবাদের জন্ম হলে জুলাই-আগষ্টের মত হাজার হাজার ছাত্র ছাত্রী তরুণ মাঠে নেমে তাদের উৎখাত করবে। বাংলাদেশে যে ফ্যাসিবাদের সৃষ্টি হয়েছিল তারা পালিয়ে গেছে। তারা আর ফিরে আসতে পারবেনা।

তিনি বলেন, তিনি বলেন, ভারতের কোনো আধিপত্য বাংলাদেশ এখন থেকে আর মেনে নেবেনা। এদেশে অন্য কোনো রাষ্ট্রের আধিপত্যবাদ চলবেনা।

এসময় তিনি জুলাই বিপ্লবের শহীদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং আহতদের পরিবারের অভিভাবকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। রাতে মুজিবনগরের খ্রীস্টান সম্প্রদায়ের নেতৃবৃন্দের সাথে মতবিনিমিয় করেন জানাক’র নেতৃবৃন্দ।

মুজিবনগরে জাতীয় নাগরিক কমিটির

মতবিনিময় সভা অনুষ্ঠিত

ফ্যাসিবাদি ব্যবস্থার বিলোপ ও নতুন রাজনৈতিক বন্দোবস্ত বাস্তবায়নের লক্ষ্যে, অভ্যুত্থানের শক্তি নাগরিক, আহত ও শহীদ পরিবারের সাথে তরুণ নাগরিকদের সমন্বয়ে গঠিত-জাতীয় নাগরিক কমিটির মতবিনিময় সভা (মুজিবনগর রাইজিং) অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (২৪ ডিসেম্বর) বিকেলে মেহেরপুর জেলা জাতীয় নাগরিক কমিটির আয়োজনে, মুজিবনগর উপজেলা পরিষদ অডিটোরিয়ামে এই মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

জেলা বৈষম বিরোধী ছাত্র আন্দোলনের সংগঠক আশিক রাব্বির সঞ্চালনায় মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন, জাতীয় নাগরিক কমিটির মাহমুদুল হাসান।

অতিথি হিসেবে বক্তব্য রাখেন জাতীয় নাগরিক কমিটির কেন্দ্রীয় সংগঠক নাঈম আহমেদ। স্বাগত বক্তব্য রাখেন হাসনাত জামান সৈকত, সমাপনী বক্তব্য রাখেন জাতীয় নাগরিক কমিটি কেন্দ্রীয় সদস্য শাকিল আহমেদ।

এ ছাড়াও উপস্থিত ছিলেন তামিম ইকবাল, আরিফ খান, তুষার, আমির হামজা, শাওন শেখ ও বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দ এবং নাগরিক সমাজের প্রতিনিধি।

ঝিনাইদহে “চাইল্ডহুড ব্রেন ডেভেলপমেন্ট” বিষয়ে মতবিনিময় সভা

“সুস্থ শরীর সুন্দর মন, বাড়বে শিশু গড়বে ভূবণ” এ শ্লোগানে ঝিনাইদহে “চাইল্ডহুড ব্রেন ডেভেলপমেন্ট” বিষয়ে আলোচনা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (২৪ ডিসেম্বর) সকালে জাহান ইন্টারন্যাশনাল মডেল

ইনস্টিটিউটের আয়োজনে ইনস্টিটিউট প্রাঙ্গণে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ফিজিওলজি বিভাগের সহযোগি অধ্যাপক ডাঃ শরীফা শাহজাদী।

জাহান ইন্টারন্যাশনাল মডেল ইনস্টিটিউটের প্রিন্সিপাল মোঃ আলী রেজা’র সভাপতিত্বে বিশেষ আতিথি হিসাবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ মেডিকেল কলেজের ফিজিওলজি বিভাগের সহকারী অধ্যাপক ডাঃ উম্মে রায়হান সিদ্দিকী, ঝিনাইদহ শিশু হাসপাতালের শিশু বিশেজ্ঞ ডাঃ আলী হাসান ফরিদ (জামিল), মাগুরা মেডিকেল কলেজের প্রভাষক ডাঃ শামসুল আরেফীন, শিশুদের “চাইল্ডহুড ব্রেন ডেভেলপমেন্ট” বিষয়ক গবেষনার বিষয়ে ব্যবস্থা ও ডাক্তারদের সম্পৃক্ত করেন জাহান ইন্টারন্যাশনাল মডেল ইনস্টিটিউটের পরিচালক ফিরোজ আনয়ার মাসুম সহ প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারিবৃন্দ।

সেসময় বক্তারা বলেন, জলবায়ু পরিবর্তনের প্রভাব, প্রযুক্তির অপব্যবহার ও অভিভাবকদের উদাসীনতা আমাদের শিশুদের শারীরিক ও মানাসক বিকাশকে বাধাগ্রস্ত করছেঅ এ ভয়াবহতা মোকাবেলায় কীভাবে আমাদের প্রিয় সন্তানদের সুস্থ শরীর ও সুন্দর মানসিকতায় বেড়ে ওঠার পরিবেশ নিশ্চিত করা যায় সে বিষয়ে নানাবিধ গবেষণা চলছে।

এছাড়াও মানবধিকারকর্মী, সুধিজন, অভিভাবক, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিক, শিক্ষকমন্ডলী ও অতিথিগণ উপস্থিত ছিলেন।

গাংনীতে জাতীয় নাগরিক কমিটির মতবিনিময় সভা

জাতীয় নাগরিক কমিটির কেন্দ্রীয় সদস্য সুপ্রীম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট সাকিল আহমাদ বলেছেন, তারুণ্যের মধ্যে রয়েছে দেশ প্রেম, কর্মস্পৃহা, কাজের প্রতি প্রতিজ্ঞা। তাই বয়স্কদের পরামর্শে আজকের তারুণরা আগামীতে দেশ গঠণে কাজ করবে। তরুণদের কাজের মধ্য দিয়ে দূর্ণীতিমুক্ত, বৈষম্যহিন একটি সুন্দর,

সম্প্রীতির এক সম্ভাবনার বাংলাদেশ গড়ে উঠবে।

গতকাল সোমবার বিকালে ফ্যাসিবাদি ব্যবস্থার বিলোপ ও নতুন রাজনৈতিক বন্দোবস্ত বায়নের লক্ষ, জাতীয় নাগরিক কমিটি মেহেরপুরের “গাংনী রাইজিং”র উদ্যোগে আয়োজিত মতবিনিময় সভায় একথা বলেন তিনি। গতকাল সোমবার বিকালে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

আমির হামজার সঞ্চালনায় অনুষ্ঠিত মতবিনিময় সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য দেন গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুর রাজ্জাক, নাহিদ মাহমুদ, প্রকৌশলী সাজেদুর রহমানসহ স্থানীয় সংবাদিক, অ্যাডভোকেটসহ নানা পেশার প্রতিনিধি।

জাতীয় নাগরিক কমিটি (জানাক)’র উদ্যেশ্য ও লক্ষ তুলে ধরে অ্যাডভোকেট শাকিল আহমেদ আরও বলেন, ‘ফ্যাসিবাদী ব্যবস্থার বিলোপ ও নতুন রাজনৈতিক বন্দোবস্ত বাস্তবায়নের কার্যক্রমকে সম্প্রসারিত করার লক্ষ্যে এবং জুলাই অভ্যুত্থানের স্পিরিটকে সমুন্নত রাখতে জাতীয় নাগরিক কমিটির সাংগঠনিক কাঠামো গঠন করা হয়েছে। আমাদের অসংখ্য ছাত্র ছাত্রী ভাই বোন বুকের তাজা রক্ত দিয়েছে আমাদের কথা বলার স্বাধীনতা নিশ্চিত করার জন্য।

জুলাই বিপ্লবে অসংখ্য শহীদ ভাইদের বিচার নিশ্চিত, তাদের পরিবারকে পূনর্বাসন, আহতদের চিকিৎসাসেবা ও তাদের সহযোগীতা নিশ্চিত করতেই জাতীয় নাগরিক কমিটির পথ চলা শুরু হয়েছে।

তিনি আরও বলেন, বৈষম্যহীন এই নতুন বাংলাদেশের শ্রমিক, দিনমজুরসহ সকল শ্রেনী পেশার মানুষ যেনো তাদের নিজের কথা নিজে বলতে পারেন, নিজের স্বার্থ নিজে নিশ্চিত করতে পারেন। আমরা বাংলাদেশে তরুণ জনগোষ্ঠীর কথা বলতে চাই। আমরা পঞ্চাশ অনুর্ধ্ব রাজনৈতিক নেতৃত্বের মাধ্যমে নতুন রাজনৈতিক বন্দোবস্ত নির্মাণ করবো। যাতে এই জুলাই বিপ্লব বার বার ফিরে না আসুক। এদেশ থেকে এক ফ্যাসিবাদকে উৎখাত করা হয়েছে। এদেশে ভবিষ্যতে আবারও কোনো ফ্যাসিবাদের জন্ম হলে জুলাই-আগষ্টের মত হাজার হাজার ছাত্র ছাত্রী তরুণ মাঠে নেমে তাদের উৎখাত করবে। বাংলাদেশে যে ফ্যাসিবাদের সৃষ্টি হয়েছিল তারা পালিয়ে গেছে। তারা আর ফিরে আসতে পারবেনা। তিনি বলেন, বাংলাদেশে পার্শ্ববর্তি দেশ ভারতের যে আধিপত্য ছিল সেটা ইতোমধ্যে মুছে ফেলার চেষ্টা হচ্ছে। গত ১৬ বছরে দিল্লীর কোনো অন্যায় কাজকে চ্যালেঞ্জ করতে পারেনি। এখন তাঁদের অন্যায় কাজগুলোকে বাংলাদেশ

চ্যালেঞ্জ করছে। তারা বাংলাদেশের কনস্যুলেটে হামলা ও পতাকা পুড়িয়েছে। তার তীব্র প্রতিবাদ করা হয়েছে। ফলে দিল্লী বাংলাদেশের কাছে ক্ষমা চাইতে বাধ্য হয়েছে। এদেশে অন্য কোনো রাষ্ট্রের আধিপত্যবাদ চলবেনা।

তিনি বলেন, জাতীয় নাগরিক কমিটি সৎ, যোগ্য লোক খুঁজছে। জাতীয় নাগরিক কমিটির মাধ্যমেই যে নতুন দল তৈরী হবে সেখানে ছাত্র, তরুণ ও বয়স্কদের অংশগ্রহণ থাকবে। সেই তারুণ্য নির্ভর দলই এগিয়ে নিয়ে যাবে এই নতুন বাংলাদেশকে। যেখানে একজন যুবক লেখাপড়া শেষ করার পর কর্মসংস্থানে জন্য রাস্তায় রাস্তায় ঘুরবেনা, চাকুরীর জন্য আত্মহত্যার পথ বেচে নেবেনা। যেখানে সকল মানুষের অধিকার নিশ্চিত হবে।

যেখানে থাকবেনা কোনো বৈষম্য, রাজনৈতিক হানানহানি। মানুষের মত ও পথের নিশ্চিয়তা থাকবে। কেউ রাতের আঁধারে কাউকে মিথ্যা মামলায় ধরে নিয়ে যাবেনা। খুন, গুম হবেনা। এটাই নিশ্চিত করতে চাই জাতীয় নাগরিক কমিটি। এক্ষেত্রে জাতীয় নাগরিক কমিটি ও বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন এক সাথে কাজ করবে।

তিনি আরও বলেন, ৩৬ জুলাই ফ্যাসিবাদি হাসিনা পালিয়ে যাওয়ার পর বৈষম্যমুক্ত নতুন বাংলাদেশ গড়ার সুযোগ সৃষ্টির পর, দেশে অন্তবর্তি সরকার গঠিত হয়েছে। তার আগের বাংলাদেশে চাঁদাবাজি, দখলদারিত্ব, অর্থবাণিজ্য, হানাহানি, মারামারী একই গ্রপের মধ্যে মারামারি হয়ে হত্যার ঘটনাগুলো ছিল। আমরা আর সেই বাংলাদেশ দেখতে চাইনা।

এসময় তিনি জুলাই বিপ্লবের শহীদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন, এবং আহতদের এবং তাদের পরিবারের অভিভাবকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

দুর্নীতিমুক্ত নতুন বাংলাদেশ

গড়ার সংগ্রামে অটল বিএনপি – জাভেদ মাসুদ মিল্টন

অন্তর্বর্তীকালীন সরকার যদি সুষ্ঠু নির্বাচন আয়োজনের মাধ্যমে একটি নির্বাচিত সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর করতে সক্ষম হয়, সেই সহযোগিতাই বিএনপি এই সরকারকে করছে। দীর্ঘদিনের জঞ্জালে আবদ্ধ রাষ্ট্রকে সঠিক পথে পরিচালনার জন্য যে পরিবেশ ও পরিস্থিতি প্রয়োজন, তা ৩-৪ মাসের মধ্যে তৈরি করা সম্ভব নয়।

আমরা দৃঢ় প্রতিজ্ঞ এবং বারবার বলে আসছি আমাদের লড়াই কেবল একটি সুষ্ঠু নির্বাচন নয় এটি দুর্নীতিমুক্ত একটি নতুন বাংলাদেশ গড়ার সংগ্রামের অংশ। আমাদের ভারপ্রাপ্ত চেয়ারম্যানের কমিটমেন্ট অত্যন্ত সুস্পষ্ট বাংলাদেশ হবে একটি নতুন বাংলাদেশ।

রবিবার (২২ ডিসেম্বর) বিকেল ৩ টার দিকে মুখার্জি পাড়ায় জেলা বিএনপি কার্যালয়ে সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভা সভাপতির বক্তব্যে মেহেরপুর জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন এ কথা বলেন।

তিনি আরো বলেন, মেহেরপুর জেলায় যে ৭ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে, তা অচিরেই দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও হাইকমান্ডের পরামর্শক্রমে পূর্ণাঙ্গ কমিটি হিসেবে প্রকাশ করা হবে। আমরা বিশ্বাস করি, এই কমিটি মেহেরপুরের রাজনৈতিক প্রেক্ষাপটকে আরও সুসংগঠিত ও কার্যকর করবে।

এসময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম এবং যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ।

এসময় তারা বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন এবং জেলার রাজনৈতিক পরিস্থিতি, বিএনপির সাংগঠনিক কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে মতামত তুলে ধরেন এবং সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

সভায় পিপি আবু সালেহ মোহাম্মদ নাসিমসহ জেলা বিএনপির অন্যান্য নেতৃবৃন্দ এবং স্থানীয় গণমাধ্যম কর্মীরা উপস্থিত ছিলেন।